

1 ডিসেম্বরের মধ্যে আপনার হাই স্কুলে ভর্তির আবেদনপত্র এবং অতিরিক্ত উপকরণসমূহ জমা দিন!

প্রিয় পরিবারবর্গ,

স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে, আপনার সন্তান যদি 2024-এর হেমন্তে (ফল-এ) হাই স্কুলে ভর্তি হয়, তবে আপনার সন্তানের হাই স্কুলের ভর্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ হচ্ছে **শুক্রবার, 1 ডিসেম্বর, 2023**। **এছাড়াও 1 ডিসেম্বর হচ্ছে মূল্যায়নসহ যাচাইকৃত (স্ক্রিনড) এবং অডিশন প্রোগ্রামের (যদি প্রযোজ্য হয়) জন্য অতিরিক্ত উপকরণসমূহ জমা দেয়ারও শেষ তারিখ।**

যদি আপনি ইতোমধ্যে আবেদন করে থাকেন এবং অতিরিক্ত উপকরণসমূহ জমা দিয়ে থাকেন, তা চমৎকার—আপনাকে আর কিছু করতে হবে না। আপনার আবেদনপত্রে কোনো পরিবর্তন করতে চান? আপনি শেষ সময়সীমা 1 ডিসেম্বরের আগে যেকোনো সময় তা করতে পারেন।

আপনি যদি ইতোমধ্যে আবেদন না করে থাকেন, তবে আমরা আপনার হাই স্কুলে ভর্তির আবেদন চাইছি।

- স্মরণ রাখবেন যে, আপনার আগ্রহের একটি প্রোগ্রামে অফার পাওয়ার সবচেয়ে সেরা সুযোগ হচ্ছে, আপনার সন্তানের ভর্তির আবেদনপত্র জমা দেয়া।
- আপনার সন্তানের আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে 12-টি প্রোগ্রাম যোগ করুন, আপনার প্রথম পছন্দের প্রোগ্রামটি যাবে সবার উপরে #1 হিসেবে।
- 1 ডিসেম্বরের মধ্যে **অডিশন** অথবা **মূল্যায়নসহ যাচাইকৃত (স্ক্রিনড উইথ অ্যাসেসমেন্ট)** প্রোগ্রামের জন্য যেকোনো বাড়তি শর্তাবলী পূরণ করুন।

আবেদন করার তিনটি উপায় রয়েছে:

- **অনলাইনে মাইস্কুলস্-এর মাধ্যমে।** এই সুযোগটি প্রতিদিন 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন খোলা আছে। আপনি অনলাইনে আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দুতে আবেদন করতে পারেন।
- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে।
- একটি **ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে** —এই লিংক থেকে সময়সূচি ও ঠিকানা জেনে নিন। 200-টির বেশি ভাষায় ফোনে দোভাষী সুবিধা লভ্য আছে।

কোনো প্রশ্ন আছে কি?

- schools.nyc.gov/HS-এ আরো জানুন এবং মাইস্কুলস্ টিউটোরিয়াল দেখুন।
- মাইস্কুলস্ কিংবা আপনার আবেদন নিয়ে সহায়তার প্রয়োজন, অথবা অন্য কোনো ভর্তি সংক্রান্ত প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনো **ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের** স্টাফের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp -এ, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে **কোনও বার্তা না পেতে চাইলে**, তথা **আনসাবক্রাইব করতে**, অনুগ্রহ করে **এখানে** ক্লিক করুন।